

সোনালী ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়, ঢাকা  
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নেতৃত্বকৰ্তা  
কমিটি'র এপ্রিল-জুন, ২০১৯ ত্রৈমাসিক সভার (২০১৮-১৯ অর্থ বছরের ৪র্থ সভা) কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান  
কার্যালয়স্থ নেতৃত্বকৰ্তা কমিটির আহ্বায়ক  
তারিখ : ০২ জুলাই, ২০১৯ রোজ মঙ্গলবার  
স্থান : কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা  
উপস্থিতি : সংলগ্নী-'ক'

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নেতৃত্বকৰ্তা  
কমিটির এপ্রিল-জুন, ২০১৯ ত্রৈমাসিকের সভা (২০১৮-১৯ অর্থ বছরের ৪র্থ সভা) ০২ জুলাই, ২০১৯ তারিখে প্রধান  
কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,  
মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন  
নির্দেশিকা, ২০১৯-২০২০ অনুসৃত করে এই ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন  
করে ২৫-০৬-২০১৯ তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভায়  
আরও উল্লেখ করা হয় যে, এই কর্মপরিকল্পনা ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০১৮-  
১৯) বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং নিম্নরূপ  
সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) সোনালী ব্যাংক স্টাফ কলেজ ও ট্রেনিং ইনসিটিউটসমূহে এপ্রিল-জুন, ২০১৯ ত্রৈমাসিকে ৬৪২ জন  
কর্মকর্তাকে শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।  
এসময়ে অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্স/কর্মশালায় জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ওপরে ০১(এক)  
ঘন্টাব্যাপী সেশন পরিচালিত হয়েছে। বাংলাদেশ ব্যাংক ও অর্থ মন্ত্রণালয়ে শুদ্ধাচার বিষয়ে প্রেরিতব্য  
ত্রৈমাসিক প্রতিবেদনে এইসকল বিষয়াদি যথাযথভাবে উপস্থাপন করার উপর সভায় জোর দেওয়া হয়।
- ২) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত “ছড়ায়  
ছড়ায় শুদ্ধাচার” শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা  
হচ্ছে। এপ্রিল-জুন, ২০১৯ ত্রৈমাসিকের জন্য ২৯ জুন, ২০১৯ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন  
পত্রিকায় উপরিউক্ত বই হতে ৪২নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত  
করা হয়।
- ৩) ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট, ২০১৮ তারিখে জারীকৃত  
বিআরপিডি সার্কুলার নং ৮ এর আলোকে এ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার  
প্রদানের জন্য পরিচালনা পর্ষদের ১২ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৬০৭তম সভায় সিদ্ধান্ত গৃহীত  
হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার ৩.১.১ হতে ৩.১.৫ ক্রমিক পর্যন্ত এ ব্যাংকে ৫টি ক্যাটগরিতে  
৫ জনকে সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার-২০১৮ প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।  
শুদ্ধাচার পুরস্কার-২০১৮ প্রদানের নিমিত্ত পরিচালনা পর্যদে প্রয়োজনীয় অনুমোদনের জন্য স্মারক  
উপস্থাপন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সোনালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্যদ কর্তৃক  
অনুমোদিত হলে, এ ৫ জনকে পুরস্কার প্রদান করা হবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও  
সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ)  
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর  
ও  
আহ্বায়ক, নেতৃত্বকৰ্তা কমিটি